তারিখ: 9 JAN 2017
পৃষ্ঠা: ২৭ কলাম: ২

# শিক্ষা জাতীয়করণের দাবিতে শিক্ষকদের মানববন্ধন

যুগান্তর ডেস্ক

বেসরকারি শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ, শিক্ষক-কর্মচারীদের ৫ শতাংশ বেতন বৃদ্ধি, পূর্ণাঙ্গ উৎসব ভাতা ও চিকিৎসা ভাতাসহ বিভিন্ন দাবিতে মানববন্ধন করেছেন শিক্ষকরা। বাংলাদেশ শিক্ষক সমিতির আহ্বানে রোববার বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেন শিক্ষক নেতারা। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**বরিশাল ব্যুরো :** জেলা সভাপতি আ. মালেকের সভাপতিত্বে বক্তব্য রাখেন— অধ্যক্ষ ফরিদুল আলম জাহাঙ্গীর, তোফায়েল আহমেদ, আসাদুল আলম আসাদ প্রমুখ।

**নেত্রকোনা :** নেত্রকোনা জেলা শিক্ষক সমিতির সভাপতি লুৎফুর হায়দার ফকিরের সভাপতিত্বে সাধারণ সম্পাদক আজহারুল হক তুহিনের পরিচালনায় মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন কেন্দ্রীয় শিক্ষক সমিতির সভাপতি আবু বকর সিদ্দিক প্রমুখ।

**জামালপুর :** মানববন্ধনে বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতি জামালপুর জেলা শাখার সভাপতি মো. মফিজ উদ্দীন প্রমুখ। পরে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেন শিক্ষক নেতারা।

**বাগেরহাট :** প্রেস ক্লাবের সামনে মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন জেলা শিক্ষক সমিতির সহসভাপতি শেখ আবদুল মান্নান, সাধারণ সম্পাদক মুকুন্দ কুমার দাস প্রমুখ।

**বরগুনা :** প্রেস ক্লাব চত্বর সমাবেশে জেলা শিক্ষক সমিতির আহ্বায়ক নুরুল ইসলাম চৌধুরী, নুরুল হক খান প্রমুখ বক্তব্য রাখেন।

**নড়াইল :** জেলা শিক্ষক সমিতি কার্যালয়ের সামনে থেকে মিছিল সহকারে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন।

**রাজবাড়ী :** জেলা শিক্ষক সমিতির সভাপতি মীর মাহফুজা খাতুন মলি, সাধারণ সম্পাদক আঃ রাজ্জাক, মাসুদ চৌধুরী, আদিল উদ্দিন, সুশীল দত্ত তাপস প্রমুখ বক্তৃতা করেন।

**মানিকগঞ্জ :** শিক্ষক সমিতি মানিকগঞ্জ শাখার সভাপতি কাশীনাথ সরকারের সভাপতিত্বে মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মজিবুর রহমান প্রমুখ।